দৈনিক ইত্তেফাক

তারিখ 20 SEP 2017 পৃষ্ঠা ১২ কলাম ১

# যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

যশোর-৭৪০৮, বাংলাদেশ

স্মারক নং-যবিপ্রবি/১৩৫০/ছাত্র-ছাত্রী ভর্তি (২০১৭-২০১৮) সংক্রান্ত/২০১৭-২০৩০ তারিখ: ১৮/০৯/২০১৭খ্রিঃ

# ভর্তি বিজ্ঞপ্তি ২০১৭

## ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে স্নাতক (ইঞ্জি./সম্মান) ১ম বর্ষে শিক্ষার্থী ভর্তি বিজ্ঞপ্তি

১। যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে নিম্নোক্ত কোর্সসমূহে ১ম বর্ষে ভর্তির জন্য নিম্নোক্ত যোগ্যতাসম্পন্ন শিক্ষার্থীদের নিকট থেকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের আবেদন আহ্বান করা যাচ্ছে:

- ➢ ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক (ইঞ্জি./সম্মান) এবং
- ➢ ০৫ (পাঁচ) বছর মেয়াদি বি ফার্ম (প্রফেশনাল)

আবেদনের সময়: ২০/০৯/২০১৭ খ্রিঃ তারিখ দুপুর ১২.০০টা হতে ১৯/১০/২০১৭ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত (যে কোনো দিন)।

২। **আবেদন করার সাধারণ যোগ্যতা ও শর্তাবলী:**

(ক) প্রার্থীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে। বিদেশি/অনাবাসিক বাংলাদেশি (NRB) শিক্ষার্থীরাও ভর্তি হতে পারবেন। তবে তাদের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত টিউশন ফি দিতে হবে। বিদেশি/ NRB শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.just.edu.bd)- এর Admission Link- এ প্রদত্ত তথ্য অনুযায়ী আবেদন করতে হবে।

(খ) A, B ও C ইউনিটের জন্য ২০১৬ ও ২০১৭ সালে বিজ্ঞান/কৃষিবিজ্ঞান থেকে এইচএসসি/আলিম/ 'এ' লেভেল/সরকার অনুমোদিত চার বছর মেয়াদি ডিপ্লোমা/সমমান উত্তীর্ণ শিক্ষার্থীরা ভর্তি পরীক্ষার জন্য আবেদন করতে পারবেন। D, E ও F ইউনিটের জন্য ২০১৬ ও ২০১৭ সালে বিজ্ঞান/বাণিজ্য/মানবিক ও কৃষিবিজ্ঞান বিভাগের এইচএসসি/সরকার অনুমোদিত চার বছর মেয়াদি ডিপ্লোমা/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবেন।

(গ) ২০১৬ ও ২০১৭ সালে উত্তীর্ণ সংশ্লিষ্ট বিষয়ে B গ্রেডসহ (৪.০ পয়েন্ট স্কেলে ৩.০) মোট ৬.৫ পয়েন্টপ্রাপ্ত সরকার অনুমোদিত ৪ বছর মেয়াদি ডিপ্লোমাধারী শিক্ষার্থীরা সকল ইউনিটে ভর্তির জন্য আবেদন করতে পারবেন।

(ঘ) সকল ইউনিটের জন্য জিসিই/'ও' লেভেল এবং 'এ' লেভেল উত্তীর্ণ শিক্ষার্থীদের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য জিসিই/'ও' লেভেল পরীক্ষায় কমপক্ষে ৫টি বিষয়ে গড়ে বি গ্রেড এবং 'এ' লেভেল পরীক্ষায় কমপক্ষে ৩টি বিষয়ে গড়ে বি গ্রেড পেতে হবে।

(ঙ) ০৬টি **ইউনিটের ন্যূনতম জিপিএ ও অত্যাবশ্যকীয় শর্তাবলী এবং পরীক্ষার ফিস নিম্নরূপ:**

| ইউনিট | অনুষদ, বিভাগ ও আসন সংখ্যা (২০১৭-২০১৮ শিক্ষাবর্ষ) | ন্যূনতম জিপিএ ও অত্যাবশ্যকীয় শর্তাবলী | পরীক্ষার ফিস |
|---|---|---|---|
| A ইউনিট<br>বিভাগ: ০৭ টি<br>আসন: ২৫০ টি | **প্রকৌশল ও প্রযুক্তি অনুষদ**<br>১। কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (৫০)<br>২। কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং (৪০)<br>৩। ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড প্রডাকশন ইঞ্জিনিয়ারিং (৩৫)<br>৪। পেট্রোলিয়াম অ্যান্ড মাইনিং ইঞ্জিনিয়ারিং (৩৫)<br>৫। ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং (৩৫)<br>৬। বায়ো-মেডিক্যাল ইঞ্জিনিয়ারিং (৩৫)<br>৭। টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং (২০) | এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় চতুর্থ বিষয়সহ পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.৫০ সহ মোট জিপিএ ৭.৫০ থাকতে হবে। সকল বিভাগের ক্ষেত্রে গণিতে ন্যূনতম "এ-" (A-) থাকতে হবে। | ৮০০/- |
| B ইউনিট<br>বিভাগ: ০৪ টি<br>আসন: ১৬০ টি | **জীববিজ্ঞান ও প্রযুক্তি অনুষদ**<br>১। মাইক্রোবায়োলজি (৪০)<br>২। ফিশারীজ অ্যান্ড মেরিন বায়োসায়েন্স (৪০)<br>৩। জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড বায়োটেকনোলজি (৪০)<br>৪। ফার্মেসী (৪০) | এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় চতুর্থ বিষয়সহ আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.৫০ সহ মোট জিপিএ ৭.৫০ থাকতে হবে। এইচএসসি/সমমান পরীক্ষায় জীববিজ্ঞান ও রসায়নে ন্যূনতম 'বি' (B) গ্রেড থাকতে হবে। ফার্মেসী বিভাগের ক্ষেত্রে এইচএসসি বা সমমানের পরীক্ষায় রসায়ন ও জীববিজ্ঞানে আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ এবং গণিতে ন্যূনতম জিপিএ ২.০০ থাকতে হবে। | ৭৫০/- |
| C ইউনিট<br>বিভাগ: ০৬ টি<br>আসন: ২০৫ টি | **ফলিত বিজ্ঞান ও প্রযুক্তি অনুষদ**<br>১। ইনভাইরনমেন্টাল সায়েন্স অ্যান্ড টেকনোলজি (৪৫)<br>২। নিউট্রিশন অ্যান্ড ফুড টেকনোলজি (৪০)<br>৩। অ্যাগ্রো প্রোডাক্ট প্রসেসিং টেকনোলজি (৩০)<br>**বিজ্ঞান অনুষদ**<br>৪। ফিজিক্স (৩০)<br>৫। কেমিস্ট্রি (৩০)<br>৬। ম্যাথম্যাটিক্স (৩০) | এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় চতুর্থ বিষয়সহ আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ সহ মোট জিপিএ ৭.০০ থাকতে হবে। ইনভাইরনমেন্টাল সায়েন্স অ্যান্ড টেকনোলজি বিভাগের ক্ষেত্রে এইচএসসি/সমমান পরীক্ষায় পঠিত বিষয় হিসেবে জীববিজ্ঞান ও গণিত থাকতে হবে। নিউট্রিশন অ্যান্ড ফুড টেকনোলজি বিভাগের ক্ষেত্রে এইচএসসি/সমমান পরীক্ষায় পঠিত বিষয় হিসেবে জীববিজ্ঞান থাকতে হবে। কেমিস্ট্রি বিভাগের ক্ষেত্রে এইচএসসি/সমমান পর্যায়ে পঠিত বিষয় হিসেবে 'গণিত' থাকতে হবে এবং রসায়নে ন্যূনতম জিপিএ ৩.০০ থাকতে হবে। ম্যাথম্যাটিক্স বিভাগে ভর্তির ক্ষেত্রে এইচএসসি/সমমান পরীক্ষায় গণিতে অবশ্যই জিপিএ ৩.০০ থাকতে হবে এবং ভর্তি পরীক্ষায় গণিতে ৪০% নম্বর পেতে হবে। | ৭৫০/- |
| D ইউনিট<br>বিভাগ: ০১ টি<br>আসন: ৪০ টি | **কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদ**<br>১। ইংরেজি (৪০) | এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় মোট জিপিএ ৬.৫০ থাকতে হবে। তবে এইচএসসি/সমমান পরীক্ষায় ইংরেজি বিষয়ে ন্যূনতম জিপিএ ৩.৫০ থাকতে হবে। | ৫০০/- |
| E ইউনিট<br>বিভাগ: ০১ টি<br>আসন: ৪০ টি | **স্বাস্থ্য বিজ্ঞান অনুষদ**<br>১। ফিজিক্যাল এডুকেশন অ্যান্ড স্পোর্টস সায়েন্স (৪০) | এসএসসি/ সমমান ও এইচএসসি/ সমমান পরীক্ষায় গ্রেড পদ্ধতিতে ৫.০০ পয়েন্ট স্কেলে পৃথকভাবে ন্যূনতম জিপিএ ২.৫০ সহ সর্বমোট জিপিএ ৬.০০ থাকতে হবে। | ৫৫০/- |
| F ইউনিট<br>বিভাগ: ০৩ টি<br>আসন : ৮০ টি | **ব্যবসায় শিক্ষা অনুষদ**<br>১। অ্যাকাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেমস (৪০)<br>২। ম্যানেজমেন্ট (২০)<br>৩। ফিন্যান্স অ্যান্ড ব্যাংকিং (২০)<br>বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগের শিক্ষার্থীদের জন্য আসন বণ্টন হবে 'অ্যাকাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেমস' বিভাগের ক্ষেত্রে যথাক্রমে ১০, ০৫ ও ২৫ টি এবং ম্যানেজমেন্ট এবং ফিন্যান্স অ্যান্ড ব্যাংকিং এর ক্ষেত্রে যথাক্রমে ০৫, ০৩ ও ১২ টি। | এসএসসি/ সমমান ও এইচএসসি/ সমমান উভয় পরীক্ষায় চতুর্থ বিষয় সহ আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ সহ মোট জিপিএ বিজ্ঞান বিভাগের জন্য ৭.০০, মানবিক বিভাগের জন্য ৬.০০ এবং বাণিজ্য বিভাগের জন্য ৬.৫০ থাকতে হবে। | ৫০০/- |

উপর্যুক্ত আসন ছাড়াও মোট আসনের ৫% মুক্তিযোদ্ধা কোটা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ১%, প্রতিবন্ধী ১% এবং যবিপ্রবিতে কর্মরত শিক্ষক/ কর্মকর্তা/ কর্মচারীদের ওয়ার্ডের জন্য (শুধুমাত্র সন্তান) ১% পোষ্য কোটা সংরক্ষিত থাকবে।

৩। **ভর্তি পরীক্ষার তারিখ ও সময়:**

| তারিখ ও বার | সময় ও ইউনিট | সময় ও ইউনিট | সময় ও ইউনিট |
|---|---|---|---|
| ০৯/১১/২০১৭ খ্রি.<br>বৃহস্পতিবার | ০৯: ৩০-১১: ০০<br>A | ১২: ৩০ - ২: ০০<br>B | ০৩: ৩০- ০৫: ০০<br>C |
| ১০/১১/২০১৭ খ্রি.<br>শুক্রবার | ০৯: ০০ - ১০: ৩০<br>E | ১১: ০০-১২: ৩০<br>D | ০৩: ৩০ - ৫: ০০<br>F |

৪। **ভর্তি পরীক্ষার কেন্দ্র:**

ভর্তি পরীক্ষার (০৩) তিনদিন আগে পরীক্ষার কেন্দ্রসমূহ www.just.edu.bd এবং http://just.ambersoftwaresolutions.com ওয়েবসাইট থেকে জানা যাবে।

৫। **Help Line:** +৮৮০১৭৪৬৫১৪৫২০, +৮৮০১৭৫৯২০৫২১৮, +৮৮০১৭৫৯২০৫১৭৫ (সকাল ১০: ০০ টা থেকে রাত ০৮: ০০ টা পর্যন্ত Help Line খোলা থাকবে)। ভর্তি পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত তথ্যাবলী www.just.edu.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

(প্রকৌশলী মোঃ আ[illegible])
রেজিস্ট্রার
ও সদস্য-সচিব, ভর্তি কমিটি
যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স-২৩৪৪ (১০×৪)

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং............
তারিখ............
পরিসংখ্যান বিভাগ
ডি.এম.পি বিভাগ
ম্যানেজার
কর্মকর্তা
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর